বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 8

মন্ত্রী পরিষদের সভার সিদ্ধান্ত

## বিসিএসআইআর ও আণবিক শক্তি কমিশন শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে মন্ত্রী পরিষদের সাপ্তাহিক বৈঠক গত রোববার বঙ্গভবনে অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ ও আণবিক শক্তি কমিশনকে শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা বিভাগের প্রশাসনিক আওতায় ন্যস্ত করার সিদ্ধান্ত নেয়া হয়। বর্তমানে এ দু'টি সংস্থা যথাক্রমে শিল্প এবং জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাভুক্ত। উল্লেখ্য, রূপপুরে প্রতিষ্ঠিতব্য আণবিক শক্তি কেন্দ্রটি জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন থাকবে।